দৈনিক ইনকিলাব

তারিখ JUL 1 8 1999
পৃষ্ঠা ১২ কলাম ৬

25

মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের বিবৃতি

## মাদ্রাসা বন্ধের সরকারী চিঠি অবিলম্বে প্রত্যাহার করতে হবে

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের কেন্দ্রীয় আহবায়ক মুহাম্মদ আবদুর রহমান বলেছেন, মাদ্রাসা বন্ধের যে চিঠি সরকার পাঠিয়েছে, তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে। তা না হলে সকল মাদ্রাসার বঞ্চিত ছাত্ররা ঐক্যবদ্ধ হয়ে এ সরকারকে পদত্যাগে বাধ্য করবে।

বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ ঘোষিত বিক্ষোভ মিছিলের অংশ হিসেবে গত (বুধবার) মিরপুরের কাজীপাড়া মাদ্রাসায় সমাবেশ ও বিক্ষোভ মিছিলে আন্দোলন পরিষদের আহবায়ক বক্তব্য প্রদান করেন। ছাত্রনেতা আনওয়ারুল্লাহর সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ মাদ্রাসা ছাত্র ফেডারেশনের কো-কনভেনার জনাব আবদুস সবুর মাতুব্বর, তাওহীদ আলবেরুনী, নূরুন্নবী, ইব্রাহীম বিন হারুন প্রমুখ।